

# নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

মোমেনশাহী সেনানিবাস

web: www.cpscm.edu.bd

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য সং, যোগ্য ও প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	নূনতম যোগ্যতা	বেতন স্কেল-২০১৫ মোতাবেক
১।	জুনিয়র শিক্ষক ০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	১২,৫০০-৩০,২৩০ গ্রেড-১১ পর্যবেক্ষণকালীন ২০,৫৫০/- (পর্যবেক্ষণ পিরিয়ড শেষে মূল বেতনের সাথে প্রতিষ্ঠানের বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি)

চাকুরীর শর্ত ও আবেদনের নিয়মাবলী। প্রার্থীদের অস্থায়ী ভিত্তিতে নিয়োগের পর ০২ (দুই) বৎসর চাকুরীকাল পর্যবেক্ষণ পিরিয়ড হিসেবে গণ্য হবে। উক্ত সময়ে পেশাগত মান সন্তোষজনক বিবেচিত হলে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে। চাকুরী স্থায়ীকরণের পর প্রতিষ্ঠানের বিধি মোতাবেক বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, পোশাক ভাতা, উৎসব ভাতা, উৎসাহ ভাতা, প্রতিডেভ ফান্ড, গ্র্যাচুইটি এবং আবাসন সুবিধা প্রদান করা হবে। উক্ত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ (অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহীর অনুকূলে, সোনালী/ট্রাস্ট ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হতে) পূর্ণ জীবনবৃত্তান্ত (মোবাইল ফোন নম্বরসহ), সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের ০২ কপি ছবিসহ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে দরখাস্ত অধ্যক্ষ বরাবর পৌছাতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫০ এর নীচে) গ্রহণযোগ্য নয়।

লিখিত পরীক্ষা। আগামী ০৬ মার্চ ২০২৩ তারিখ ১৪০০ ঘটিকা/দুপুর ২ টায় লিখিত পরীক্ষা অত্র প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। ০৩ মার্চ ২০২৩ তারিখ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে যোগ্য প্রার্থীদের নামীয় তালিকা প্রকাশ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না এবং ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।

অধ্যক্ষ